# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

## বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর :৫৭৭/জে.এস.সি(নিবঃ)/ বি.প-২ (৩য় খণ্ড) তারিখঃ ০৭/০২/২০২২

**বিষয় ঃ ২০২১ সালের ৮ম শ্রেণির (জে,এস,সি) মুদ্রিত রেজিস্ট্রেশন কার্ড বিতরণ প্রসঙ্গে।**

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত নিম্নমাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয়, স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণ এবং ৮ম শ্রেণির পাঠদানের অনুমতি প্রাপ্ত সরকারি প্রাথমিক বিদ্যালয় সমূহের প্রধান শিক্ষকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ২০২১ সালের ৮ম শ্রেণির শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড কোভিড-১৯ কারণে স্ব- স্ব শিক্ষা প্রতিষ্ঠানের পরিবর্তে কেন্দ্রে সচিব গণকে প্রদান করা হবে। শিক্ষা প্রতিষ্ঠান সমূহ সংশ্লিষ্ট কেন্দ্র সচিগণের নিকট হতে রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করবে এবং রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থীদের স্বাক্ষরসহ অন্যান্য কার্যক্রম সম্পন্ন করে তা নির্ধারিত কেন্দ্রে জমা দিবে। কেন্দ্র সচিবগণ প্রতিষ্ঠান সমূহ থেকে প্রাপ্ত রেজিস্ট্রেশন কার্ডের মুড়ি বই বোর্ডের জেএসসি নিবন্ধন শাখা, কক্ষ নং- ১১২১ তে নির্ধারিত তারিখে জমা প্রদান করবে। উল্লিখিত কার্যক্রম সম্পাদনের তারিখ নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো।

| ক্রমিক নম্বর | জেলার নাম | জেলাভিত্তিক রেজিস্ট্রেশন কার্ড বিতরণের তারিখ | কেন্দ্র থেকে প্রাপ্ত রেজিস্ট্রেশন কার্ডের মুড়িবই বোর্ডে জমা দেওয়ার তারিখ | বিশেষ জ্ঞাতব্য |
|---|---|---|---|---|
| ১. | বগুড়া | ২০/০২/২০২২ | ১৭/০৪/২০২২ | ১নং ক্রমিকের নির্দেশনা অবশ্যই পালন করতে হবে এবং সীলমোহরযুক্ত ও বাঁধাইকৃত রেজিস্ট্রেশন কার্ড সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে জমা দিতে হবে । অন্যথায় কোন জটিলতা সৃষ্টি হলে প্রতিষ্ঠান প্রধানকে তার দায়ভার বহন করতে হবে। |
| ২. | জয়পুরহাট | ২০/০২/২০২২ | ১৮/০৪/২০২২ | |
| ৩. | সিরাজগঞ্জ | ২২/০২/২০২২ | ১৯/০৪/২০২২ | |
| ৪. | পাবনা | ২৩/০২/২০২২ | ২০/০৪/২০২২ | |
| ৫. | নওগাঁ | ২৪/০২/২০২২ | ২১/০৪/২০২২ | |
| ৬. | চাঁপাইনবাবগঞ্জ | ২৭/০২/২০২২ | ২৪/০৪/২০২২ | |
| ৭. | নাটোর | ২৭/০২/২০২২ | ২৫/০৪/২০২২ | |
| ৮. | রাজশাহী | ২৮/০২/২০২২ | ২৬/০৪/২০২২ | |

১. রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের সময় কেন্দ্রে সচিবের নিজস্ব প্যাডে আবেদন করতে হবে। ফটোকপি প্যাডে আবেদন গ্রহণযোগ্য নয়।প্যাডে ডাকঘর,থানা/উপজেলা,জেলা, (EIIN,Educational Institution Identification Number), প্রধান শিক্ষক/অধ্যক্ষের মোবাইল নম্বর এবং প্রতিষ্ঠানের নিজস্ব E-mail Address অবশ্যই উল্লেখ থাকতে হবে।

২. কেন্দ্র সচিবের নিকট হতে স্ব- স্ব শিক্ষা প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের পর যাচাই বাছাই করবে। যে সব বিদ্যালয়ের হার্ড কপিতে নাম থাকা সত্ত্বেও রেজিস্ট্রেশন কার্ড মুদ্রণ হয়নি, সে সব প্রতিষ্ঠানকে হার্ড কপির ঝকঝকে ফটোকপি সংযুক্ত করে পরবর্তী ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে জেএসসি নিবন্ধন শাখার শাখা প্রধানের নিকট জমা দিতে হবে।

৩. যদি রেজিস্ট্রেশন কার্ডে কোনরূপ ভুল থাকে তাহলে সংশোধনী ফিসহ আবেদন করে সংশোধিত রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করতে হবে। প্রতিষ্ঠানের সকল ভুল রেজিস্ট্রেশন কার্ড সংশোধন অন্তে নিয়মানুযায়ী বই বাঁধাই করতে হবে।

৪. রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ ও সার্বিক সংশোধন শেষে রেজিস্ট্রেশন নম্বরের ক্রমানুসারে সাজিয়ে (১০০ জন শিক্ষার্থী হিসেবে) প্রতিটি বই হার্ডবোর্ড দিয়ে বাঁধাই করতে হবে এবং E-mail Address, phone/Mobile, EIIN (Educational Institution Identification Number), ডাকঘর, থানা/উপজেলা ও জেলার নাম সম্বলিত নিজস্ব প্রতিষ্ঠানের মূল প্যাডে প্রতিটি বই এর প্রথম রেজিস্ট্রেশন নম্বর থেকে শেষ রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ পূর্বক মোট রেজিস্ট্রেশন কার্ডের সংখ্যা লিখে (বড় অক্ষরে সংখ্যা কম্পোজ করতে হবে) আঠা দিয়ে সংযুক্ত করতে হবে। একাধিক বই হলে বই নম্বর অবশ্যই লিখতে হবে।

৫. নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ ও জমাদানে ব্যর্থ হলে প্রতিদিনের জন্য প্রতিষ্ঠান প্রতি ১০০/-(একশত) টাকা হারে জরিমানা রাজশাহী শিক্ষা বোর্ডের সচিবের অনুকূলে ( সোনালী সেবার মাধ্যমে) জমা দিয়ে জে.এস.সি নিবন্ধন শাখা হতে রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ ও জমা দেয়া যাবে।

৬. জে,এস,সি/২০২১ সালের শিক্ষার্থীদের রেজিস্ট্রশন কার্ডে শিক্ষা বোর্ডের সীলের পরিবর্তে নিজ নিজ প্রতিষ্ঠানের গোল সীল অবশ্যই ব্যবহার করতে হবে।



০৭/০২/২০২২

সীলের নমুনাঃ




সীলের পরিমাপ -২ ইঞ্চি ব্যাস।

**বিশেষ দ্রষ্টব্য ঃ-** রেজিস্ট্রেশন কার্ডে যে কোন ধরণের ভুল জরুরী ভিত্তিতে সংশোধনের জন্য আগামী ১৫/০৪/২০২২ ইং তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্ড প্রতি ১২৫/-(একশত পঁচিশ) টাকা ও নির্ধারিত সময় অতিক্রম হলে আগামী ২০/০৫/২০২২ তারিখের মধ্যে ২৫০/-(দুই শত পঞ্চাশ) টাকা হারে ফি রাজশাহী শিক্ষা বোর্ডের সচিবের অনুকূলে (সোনালী সেবার মাধ্যমে) জমা দিয়ে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন করতে হবে । আবেদন পত্রের সঙ্গে শিক্ষার্থীর নাম, পিতা, মাতার নাম ও জন্ম তারিখ সংশোধনের ক্ষেত্রে প্রতিষ্ঠানের ভর্তি রেজিষ্টার,পিইসি সনদ, জন্ম নিবন্ধন কার্ড,পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে। রেজিস্ট্রেশন কার্ডের ঝকঝকে ফটোকপিতে উল্লিখিত ভুল অংশটুকু কেটে লাল কালি দিয়ে প্রার্থীত সংশোধন পূর্বক ০২ সেট আবেদন জমা দিতে হবে। ছবি সংশোধনের ক্ষেত্রে ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের পরিষ্কার ছবিসহ ০২ সেট আবেদন পৃথক ভাবে জমা দিতে হবে। সংশোধন ফি দাখিলের রসিদসহ আবেদন সরাসরি জে.এস.সি নিবন্ধন শাখায় জমা দিতে হবে।

06/02/2022


(প্রফেসর দেবাশীষ রঞ্জন রায়)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন : ০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)


স্মারক নম্বর : ৩৬৩/জে.এস.সি (রিঃ)/বি.প-2(অংশ-১) তারিখ: 06/02/22

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল :

১. রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতি প্রাপ্ত/স্বীকৃতি প্রাপ্ত সকল নিম্নমাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয়, স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণ এবং ৮ম শ্রেণির পাঠদানের অনুমতি প্রাপ্ত সরকারি প্রাথমিক বিদ্যালয় সমূহের প্রধান শিক্ষকগণ।

২. সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/উপ-পরিচালক (হিঃওনিঃ)/সিনিয়র সিস্টেম এনালিস্ট (চঃদাঃ)/প্রধান মূল্যায়ন অফিসার (চঃ দাঃ)/উপ-সচিব(প্রশাসন)/(ভান্ডার)/চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব/নিরাপত্তা অফিসার/হিসাব(আয়)শাখা/জে.এস.সি পরীক্ষা শাখা/পত্রগ্রহণ শাখা/সংস্থাপন শাখা/বৃত্তি ও সিলেবাস শাখা,রাজশাহী শিক্ষা বোর্ড।